

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৭ বৈশাখ ১৪১২/২০ এপ্রিল ২০০৫

এস,আর,ওনং ৯২-আইন/২০০৫।—যেহেতু, সরকার স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৫-আইন/১৯৯৭, তারিখ ২৭ আশ্বিন, ১৪০৪ বঙ্গাব্দ মোতাবেক ১২ অক্টোবর, ১৯৯৭ খ্রিস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেত, সরকার উক্ত এলাকা ঢাকা জেলার সাভার মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য ঢাকা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত মিউনিসিপ্যালিটি সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু, সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

( ১৯৫৯ )

মূল্যঃ টাকা ১.০০

সেহেতু, Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা আগামী ১৮-০১-১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ০১-০৫-২০০৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে সাভার মিউনিসিপ্যালিটির (পৌর এলাকা) অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল।

### তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)
সাভার	আইচানোয়াদা	১৬৮	৯৩—৩০৭

রষ্ট্রেপতির আদেশক্রমে

নাছিম বেগম  
উপ-সচিব (পৌর)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।